# আমি জানি তারাই বোমা বিস্ফোরণ ঘটিয়েছে

## ছাত্রদলের প্রতিষ্ঠাবার্ষিকীর আলোচনায় আওয়ামী লীগকে দায়ী করে খালেদা জিয়া

**কাগজ প্রতিবেদক :** বিএনপি চেয়ারপারসন ও জাতীয় সংসদে বিরোধীদলীয় নেত্রী খালেদা জিয়া বলেছেন, মানুষের দৃষ্টি অন্যদিকে সরিয়ে নেওয়ার জন্য ক্ষমতাসীন আওয়ামী লীগ গত শনিবার সিপিবির মহাসমাবেশে বোমা বিস্ফোরণ ঘটিয়ে সাতজনকে হত্যা করেছে। তিনি বলেন, 'আমি জানি তারা এ কাজ করেছে। তারা দোষী বলেই এতো বড়ো ঘটনার পর তাদের কেউ আহতদের দেখতে যায়নি, খোঁজখবর নেয়নি'। আওয়ামী লীগ বিরুদ্ধ মত সইতে পারে না বলেই এ ঘটনা ঘটিয়েছে বলে তিনি অভিযোগ করেন।

জাতীয়তাবাদী ছাত্রদলের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে গতকাল মঙ্গলবার সন্ধ্যায় ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে আয়োজিত আলোচনা সভা ও পুনর্মিলনীতে প্রধান অতিথির ভাষণে তিনি এ কথা বলেন। আলোচনায় আরো অংশ নেন বিএনপি মহাসচিব আবদুল মান্নান ভুঁইয়া, দলের স্থায়ী কমিটির সদস্য খোন্দকার দেলোয়ার হোসেন, ড. আর এ গণি, আবদুল মতিন চৌধুরী, চৌধুরী তানভীর আহমেদ চৌধুরী, এডভোকেট খন্দকার মাহবুব উদ্দিন আহমেদ, বিএনপি নেতা এম মোর্শেদ খান, ব্যারিস্টার নাজমুল হুদা, মির্জা আব্বাস, সাদেক হোসেন খোকা, শামসুজ্জামান দুদু, আমান উল্লাহ আমান, এনামুল কবির শহীদ, জামাল শরিফ হিরু, খায়রুল কবীর খোকন, শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি, সাগীর আহমেদ, মনির হোসেন, মামুন হাসান ও রওনাকুল ইসলাম। ছাত্রদলের সভাপতি নাসিরউদ্দিন আহমেদ পিন্টুর সভাপতিত্বে আলোচনা সভা পরিচালনা করেন ছাত্রদলের সাধারণ সম্পাদক সাহাবুদ্দিন লাল্টু।

বিএনপি চেয়ারপারসন বলেন, বর্তমান সরকার মুখে গণতন্ত্রের কথা বলে, অথচ মৌলিক ও মানবাধিকার বিরোধী জননিরাপত্তা আইন পাস করেছে। সম্প্রতি জাতীয় সংসদে পাস হওয়া জাতির পিতার প্রতিকৃতি আইন প্রসঙ্গে তিনি বলেন, 'আলোচনা, সমালোচনা করা যাবে না, জবরদস্তি করে একজনের ছবি সব জায়গায় লাগাতে হবে— এ কেমন আইন?' আইনটিকে গণতন্ত্রবিরোধী হিসেবে অভিহিত করে তিনি বলেন, এ সরকার দলের উর্ধ্বে উঠতে এবং ভালো কিছু করতে পারে না।



*ছাত্রদলের প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে বক্তৃতা রাখেন খালেদা জিয়া —ভোরের কাগজ*

ছাত্রদল নেতাকর্মীদের উদ্দেশ্যে তিনি বলেন, 'ছাত্রদলের ওপর আমার আস্থা ও বিশ্বাস আছে। চারদল ও সাতদলীয় ঐক্যের সবাই মিলে বর্তমান সরকারকে ক্ষমতা থেকে সরিয়ে দেশে শান্তিশৃঙ্খলা ও শহীদ জিয়ার উন্নয়নের রাজনীতি আবার শুরু করবো।'

গত শনিবার সিপিবির মহাসমাবেশে বোমা হামলার ঘটনার জন্য খালেদা জিয়া বর্তমান সরকারকে দায়ী করে বলেন, এর জবাব দিতে হবে। তিনি বলেন, সিপিবি সভাপতির সঙ্গে আলাপ করে তিনি জানতে পেরেছেন যে, তারা (সিপিবি) সমাবেশে পুলিশ প্রটেকশন চেয়ে পায়নি। স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে যোগাযোগ করতে চেয়েও সুযোগ মেলেনি। তিনি আরো বলেন, অতীতে তারা বিএনপির ৭ নভেম্বরের জনসভাসহ বিভিন্ন সমাবেশে হামলা চালিয়েছে। ছাত্রদলের প্রতিষ্ঠাবার্ষিকীতে হামলাসহ অন্য রাজনৈতিক দলগুলোর ওপরও হামলা চালিয়েছে। বিরুদ্ধ মত তারা সইতে পারে না। তিনি বলেন, তাদের (আওয়ামী লীগ) সঙ্গে যাদের বনিবনা হয় না, তারা যেমন মুক্তিযোদ্ধা' থাকে না তেমনি তাদের রাজনীতিও করতে দেওয়া হয় না।

বিএনপি মহাসচিব আবদুল মান্নান ভুঁইয়া সরকারি দলের কাছে বিপুল অবৈধ অস্ত্র থাকার অভিযোগ করে পুলিশকে উদ্দেশ্য করে বলেন, 'অস্ত্র উদ্ধার করতে না পারলে আমাদের কাছে তালিকা দিন। জনগণকে সঙ্গে নিয়ে দেখিয়ে দেবো কিভাবে অস্ত্র উদ্ধার করতে হয়।' ছাত্রদলকে অতীতের চেয়ে বেশি শক্তিশালী হিসেবে অভিহিত করে তিনি বলেন, এখন ঢাকা বিশ্ববিদ্যালয়ের নির্বাচন হলে সবগুলোতে ছাত্রদল জিতবে।